

৩.০ মহা পরিচালকের মন্তব্য

বৃহত্তর ঢাকা এলাকায় গ্রাহক সেবার মান উন্নয়নে সিস্টেম লস হ্রাস এবং বিদ্যুৎ বিভাগের রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে ১৯৯১ সালে ব্লডেসা"র সৃষ্টি। বস্তুত উক্ত লক্ষ্যসমূহ কতটুকু অর্জিত হইয়াছে তাহা যাচাই করাই এই বিশেষ নিরীক্ষার উদ্দেশ্য। ফলে ১৯৯১-৯২ হইতে ১৯৯৭-৯৮ পর্যন্ত সময়ে ডেসা'র বিদ্যুৎ আমদানী, বিদ্যুৎ বিক্রয়, আয়, ব্যয় এবং সর্বোপরি বিদ্যুৎ অপচয় সংক্রান্ত তথ্য সমূহ এই বিশেষ অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত হইয়াছে। নিরীক্ষাধীন কার্যালয় হইতে প্রাপ্ত তথ্যাদি ও ব্যাখ্যার আলোকে অডিট রিপোর্টে প্রদত্ত মন্তব্যের নিরিখে এই সকল হিসাব ও তথ্যাদি সঠিক।

তারিখঃ- $\frac{১১-২-১৪০৬বাং}{২৫-৫-১৯৯৯ইং}$

আবদুহু মাহমুদ খান
মহা পরিচালক
পূর্ত অডিট অধিদপ্তর